



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৬৯১১

E-mail:

dgmaccounts1@krishibank.org.bd



মাজিদ
মজিদ

মুজিববর্দের প্রতিষ্ঠান
আর্থিক আচেতন অঞ্চলিক

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২১-২০২২/ ৬২২

তারিখ : ১৩-০৬-২০২২খ্রি:

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/ স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
- ৪। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপণ জারী প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক তাদের ওয়েব সাইটে (www nbr.gov.bd) প্রকাশিত মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর সংশোধন সংক্রান্ত এস.আর.ও নং--১৭৯-আইন/২০২২/১৯২-মূসক, তারিখ: ১৮ জৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/০১ জুন, ২০২২খ্রি: সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস,

(খান তামজিদ আহমেদ)

উপ মহাব্যবস্থাপক

সংযুক্তি: বর্ণনামতে।

নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২১-২০২২/ ৬২২

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ :

- ১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পর্যন্ত সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দণ্ডর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। প্রতিটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।

৬০৬.২০২২

(আরিফুর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৯-আইন/২০২২/১৯২-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এর-

- (ক) উপ-বিধি (১) বিলুপ্ত হইবে; এবং
(খ) উপ-বিধি (২) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং-০১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“০১.	S001.10	এসি হোটেল	১৫%
	S001.10	নন এসি হোটেল	৭.৫%
	S001.20	রেস্টোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও প্যার্টন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদৃঢ় মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত)	৫% ”;

(২) বিধি ৫ এর-

- (ক) উপ-বিধি (১) পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে,
যথা:-

“(১) উৎপাদনকারী ১৫ (পনেরো) শতাংশ হারে বা হাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উল্লেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”; এবং

- (খ) উপ-বিধি (৬) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৭) ও (৮) সংযোজিত হইবে, যথা:-

“(৭) আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক রাজস্ব কর্মকর্তা প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৮) Electronic Fiscal Device (EFD)/Sales Data Controller (SDC) হইতে ইস্যুকৃত মূসক চালানপত্রে (ফিসক্যাল রিসিট) সরবরাহ গ্রহীতার নাম ও নিবন্ধন নম্বর উল্লেখ থাকা সাপেক্ষে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”;

(৩) বিধি ৬ এর-

- (ক) উপ-বিধি (১) এর প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “:” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে, যদি সরবরাহ গ্রহীতা, প্রযোজ্য ক্ষেত্রে, অনিবার্কিত বা তালিকাভুক্ত ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকেন, সেই ক্ষেত্রে প্রযোজ্য মূসক পরিশোধে সরবরাহ গ্রহীতা দায়ী থাকিবেন।”; এবং

- (খ) উপ-বিধি (২) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক) সরবরাহ গ্রহীতা উৎসে কর্তনকৃত বা আদায়কৃত মূসক পণ্য পরিশোধ সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন;”;

- (৮) বিধি ৭ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত “পরবর্তী কর মেয়াদে” শব্দগুলির পরিবর্তে “পরবর্তী ও (তিনি) কর মেয়াদে” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (৯) বিধি ৯ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “কেন্দ্রীয় দপ্তরের” শব্দগুলির পরিবর্তে “কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ইউনিটের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মুসক নীতি)